

# পরম শ্রদ্ধেয় আচার্বিশপ'র বাণী-



“মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড” এর গৌরবের ৫০ বছর পূর্তী উদ্যাপন উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশের মাধ্যমে পরবর্তী বংশধরের জন্য সংরক্ষণের এ উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। আজকের এ আনন্দঘন মুহূর্তে এ প্রতিষ্ঠানের প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত প্রতক্ষ্য এবং পরোক্ষ ভাবে জড়িত সবাইকে এ জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আজ হতে ৫০ বছর পূর্বে মঠবাড়ী ধর্মপন্থিতে এ সমিতি গঠন ছিল অত্র ধর্মপন্থীর খ্রিস্টমণ্ডলীর জন্য ঈশ্বরের এক বিশেষ আশীর্বাদ। আজকের এ ধর্মপন্থীর খ্রিস্তীয় পরিবাগুলোর যে অর্থনৈতিক, সামাজিক ও শীক্ষা ক্ষেত্রে যে উন্নয়ন দেখি তার পেছনে রয়েছে এ সমিতির অবদান। এ সমিতিটি ৫০ বছর যাবৎ সফলতার সাথে পরিচালনা করে একটি দ্রষ্টব্য স্থাপন করতে সক্ষম হয়েছে যার ফলে এ সমিতির আশেপাশের অন্য ধর্মাবলম্বী এলাকায় বেশ কিছু সমিতি প্রতিষ্ঠিত হয়েছে এবং সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। কাথলিক মণ্ডলীর শিক্ষা অনুসারে কোন সংঘ/সমিতির মূল উদ্দেশ্য হবে মানবব্যক্তির মর্যাদা প্রতিষ্ঠা করা। সংঘ, সমিতির মাধ্যমে অর্থনৈতিক উন্নতির ব্যবস্থা ব্যক্তিকে আরো সামাজিক করে তোলে এবং জনকল্যাণ সুনির্ণিত করে। যারা গরীব অথচ অসচেতন তারা দরিদ্রদের মধ্যে দরিদ্রতম, তাদের জন্য ক্রেডিট ইউনিয়ন নিয়ে আসুক সুখবর।

খ্রিস্টমণ্ডলী যে একটি মিলন সমাজ তা খ্রিস্টান সমবায় সমিতিগুলো আপন বৈশিষ্ট্য অনুসারে ব্যক্ত করে। খ্রিস্টান সমিতিগুলো তাদের কাজের সফলতা দিয়ে প্রমাণ করে যে ক্রেডিট ইউনিয়ন হচ্ছে এমন একটি সুমিষ্ট ও মূল্যবান ফলের বৃক্ষ যা সারাদেশ ব্যাপী ছড়িয়ে পড়া প্রয়োজন। আমি বিশ্বাস করি ক্রেডিট ইউনিয়নের মাধ্যমে দেশে অর্থনৈতিক বৈপ্লাবিক পরিবর্তন আনা সম্ভব।

আমি মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সুবর্ণ জয়ন্তী উৎসবের সার্বিক সাফল্য ও সকলের মঙ্গল কামনা করছি।

+ পিপুল কে চৌধুরী, প্রিয়া

আচার্বিশপ প্যাট্রিক ডি'রোজারিও, সি.এস.সি.  
ঢাকা মহাধর্মপ্রদেশ

